যায়যায়দিন

20 AUG 2007
তারিখ ...
পৃষ্ঠা . ৫ কলাম . ২

# আদিবাসীদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার দাবি

যাযাদি রিপোর্ট

আদিবাসীদের মাতৃভাষায় প্রাথমিক স্তরে শিক্ষার দেয়ার দাবি জানিয়েছে বাংলাদেশ আদিবাসী অধিকার আন্দোলনের নেতারা। গতকাল রবিবার প্রেস ক্লাবে বাংলাদেশ আদিবাসী অধিকার আন্দোলন এবং আমার ভিশন কমিউনিকেশন্স আয়োজিত 'শিক্ষা সুযোগ না অধিকার : আদিবাসী শিশুর বাস্তবতা' শীর্ষক এক সেমিনারে বক্তারা এ দাবি জানান।

বক্তারা বলেন, আদিবাসীদের মধ্যে শতকরা ৯০ ভাগ তাদের নিজ ভাষায় কথা বলে। তাদের বাংলা ভাষার প্রতি বিরাগ নেই, বরং আগ্রহ আছে। তবে আদিবাসী শিশুদের মাতৃভাষায় শিক্ষা না দেয়ায় এবং পাঠ্যপুস্তকে নিজের সংস্কৃতির প্রতিফলন না থাকায় প্রাথমিক স্তরে শিক্ষার্থী ঝরে পড়ার হার অনেক বেড়ে যাচ্ছে। অবশ্যই আদিবাসী শিশুরা বাংলা এবং ইংরেজি ভাষা শিখবে। কিন্তু প্রাথমিক স্তরে শিশুদের আদিবাসী মাতৃভাষায় শিক্ষা দেয়া উচিত।

সেমিনারে বক্তারা বলেন, বর্তমানে এক পদ্ধতিতে শিক্ষা চলছে না। বৈষম্য দূরীকরণে নীতি নির্ধারকরা কিছু করছেন না। আদিবাসীদের নিজের ভাষায় কথা বলা এবং পড়াশোনার সুযোগ সৃষ্টি করার দায়িত্ব সরকারের। কিন্তু এ দেশের কোনো সরকারই তা করছে না।

বক্তারা আরো বলেন, এসব স্কুলে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে ফলপ্রসূ যোগাযোগ হয় না। শিক্ষার্থীরা শিক্ষকের ভাষা বোঝে না, শিক্ষকরাও শিক্ষার্থীর ভাষা বোঝে না। আদিবাসী এলাকায় স্কুল, কলেজ প্রতিষ্ঠা হলেও অধিকাংশ স্কুলে আদিবাসী শিক্ষক নেই। ফলে আদিবাসীদের মধ্যে শিক্ষা বিস্তারের উদ্যোগ বাস্তবে তেমন কোনো ফল আনতে পারে না।

প্রফেসর ড. মনজুর আহমেদের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি প্রফেসর হাসান আজিজুল হক বলেন, আধুনিক রাষ্ট্রে শিক্ষা সুযোগ নয়, অধিকার। আদিবাসী শিশুদের শিক্ষার ক্ষেত্রে বাস্তবতা খুব খারাপ। এ খারাপ অবস্থা থেকে উত্তরণের জন্য আদিবসীদের মাতৃভাষায় শিক্ষার সুযোগ সৃষ্টি করতে হবে সরকারকেই। বর্তমান শিক্ষা ব্যবস্থা সম্পর্কে তিনি বলেন, শিশুদের জীবন ধ্বংস করার জন্যই এ শিক্ষা ব্যবস্থা প্রণীত হয়েছে।

নির্ধারিত আলোচক সঞ্জীব দ্রং বলেন, আদিবাসীদের অধিকার মানবাধিকার। আদিবাসীদের নিজস্ব মূল্যবোধকে বাইরে রেখে তাদের উন্নয়ন সম্ভব নয়। তিনি আদিবাসী স্কুলগুলোতে আদিবাসী শিক্ষক নিয়োগ, আদিবাসীদের নিয়ে বিভিন্ন প্রকল্পে তাদের পূর্ণ অংশগ্রহণসহ ফ্লেক্সিবল একটি ইয়ার ক্যালেন্ডার প্রণয়নের দাবি জানান।

গণসাক্ষরতা অভিযানের পরিচালক রাশেদা কে চৌধুরী বলেন, আদিবাসীসহ প্রতিটি শিশুর প্রাথমিক শিক্ষা সমাপ্ত করার অধিকার রাষ্ট্রকেই প্রতিষ্ঠা করতে হবে। নিজের ভাষায় শিক্ষা গ্রহণের দাবি আদিবাসী শিশুদের দাবি।

সেমিনারে থিম পেপার উপস্থাপন করেন ড. দিজেন্দ্র নাথ সরকার এবং বিক্রম কিশোর খীসা। আদিবাসীদের শিক্ষা বিষয়ক এ সেমিনারে আরো বক্তব্য রাখেন নুরুল ইসলাম নাহিদ, প্রফেসর সালেহ মতিন, আ ন স হাবিবুর রহমান, আনীল মারান্ডি, ফজলে রাব্বানি, সাইদুল হক মিন্টি, নিরোলা, তনসং, লক্ষ্মীকান্ত সিং, তারেক আহমেদ প্রমুখ। সেমিনারে সঞ্চালক ছিলেন ঢাকা ইউনিভার্সিটির প্রফেসর মেসবাহ কামাল।